**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) সপ্তাহব্যাপী ঐতিহ্যবাহী খার্চি পূজা ও উৎসবের সূচনা ।**

**(২) বামফ্রন্ট আহুত ত্রিপুরা বনধ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে ।**

**(৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ ইন্দোর থেকে মধ্যপ্রদেশের ৫৫টি জেলায় প্রাইম মিনিস্টার কলেজ অফ এক্সিলেন্সের উদ্বোধন করেছেন ।**

**(৪) রাজ্যভিত্তিক সাঁতার প্রতিযোগিতায় ১২টি নতুন রেকর্ড ।**

*****************************

**Kharchi:**

ভারতবর্ষের কৃষ্টি–সংস্কৃতি প্রাচীন ও সমৃদ্ধ। পরম্পরাগত এই কৃষ্টি ও সংস্কৃতি আমাদের ঐতিহ্য। ঐতিহ্যের এই বহমান ধারাকে পরবর্তী প্রজন্মের হাত ধরে এগিয়ে নিয়ে যেতে পারলেই আরও সমৃদ্ধ হবে আমাদের সমাজ ও সংস্কৃতি। আজ পুরাতন আগরতলাস্থিত চতুর্দশ দেবতা মন্দির প্রাঙ্গণে ৭দিনব্যাপী খার্চি উৎসব ও প্রদশনীর আনুষ্ঠানিক সূচনা করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, এই উৎসবে জাতি–জনজাতি নির্বিশেষে সকল অংশের মানুষের মেলবন্ধন ঘটে। মুখ্যমন্ত্রী বলেন, এবারের খার্চি উৎসর ও প্রদর্শনীর সূচনা রবিবার ছুটির দিনে শুরু হওয়ার কারণে উৎসবের শেষ দিন অর্থাৎ আগামী ২০ জুলাই, সরকারি ছুটি ঘোষণা করা হয়েছে। পূন্যার্থীরা যাতে খার্চি মেলাকে ভালোভাবে উপভোগ করতে পারেন তার জন্যই এই উদ্যোগ। অনুষ্ঠানে

মুখ্যমন্ত্রী বলেন, এবারের খার্চি উৎসব ও প্রদর্শনীর মূল ভাবনা হচ্ছে 'সবুজই ভবিষ্যৎ' যা খুবই তাৎপর্যপূর্ণ ও প্রাসঙ্গিক।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে খার্চি উৎসব কমিটির চেয়ারম্যান বিধায়ক রতন চক্রবর্তী বলেন, রূপে, বর্ণে, বৈচিত্রে ভরপুর এই খার্চি মেলা এক অনন্য মেলা হিসেবে পরিগনিত হয়েছে। তিনি আরও জানান, এবারের মেলায় ৯০০টি স্টল খোলা হয়েছে ও ২৬টি সরকারী প্রদর্শন স্টল রয়েছে।

অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন রামপদ জমাতিয়া। ৭ দিনব্যাপী খার্চি উৎসব ও প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধায়ক দীপক মজুমদার, পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ শীল, সমাজসেবী অমিত কুমার নন্দী প্রমুখ।

******************

**PM-Kharchi:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি খারচি পূজা উপলক্ষে সবাইকে, বিশেষ করে ত্রিপুরার জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী আশা প্রকাশ করেন, চতুর্দশ দেবতার ঐশ্বরিক আশীর্বাদ সর্বদা মানুষের উপর থাকবে, সবার জন্য আনন্দ এবং সুস্বাস্থ্য নিয়ে আসবে। এই উৎসব সকলের জীবনে সমৃদ্ধি এবং সম্প্রীতি দিয়ে সমৃদ্ধ করবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

******************

**Opening stall of for legal advice:**

খার্চি পূজায় দর্শনার্থীদের আইনি উপদেশ দিতে স্টল খুলল পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষ। আজ চৌদ্দ দেবতার মন্দির প্রাঙ্গনে এই স্টলের উদ্বোধন করেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড়। উপস্থিত ছিলেন রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী, পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষের সচিব অমরজিৎ দে প্রমুখ। সাতদিন এই স্টল

খোলা থাকবে বলে জানান আইনি স্বেচ্ছাসেবক রাজীব পাল। স্টলে আইনজীবী এবং আইনি স্বেচ্ছাসেবকরা উপস্থিত থাকবেন।

*****************

**Kharchi Mwtai Ter:**

খার্চি পূজা উপলক্ষে আজ আগরতলা টাউন হলে 'খার্চি মোতাই তের-২০২৪,'-এর আয়োজন করা হয়। ত্রিপুর ক্ষত্রিয় সমাজের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন শান্তি কালী আশ্রমের স্বামী চিত্তরঞ্জন মহারাজ । উপস্থিত ছিলেন উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, সাংসদ কৃতী সিং দেববর্মা, তিপরা মথার নেতা প্রদ্যুৎ কিশোর দেববর্মা সহ অন্যান্যরা।

*****************

**Panchayet election-Durga Chow Block:**

ধলাই জেলার তিনটি ব্লক এলাকায় আগামী ৮ আগস্ট ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে। এরমধ্যে রয়েছে দূর্গা চৌমুহনী আর ডি ব্লক। এই ব্লক এলাকাতেই রয়েছে জেলার সর্বাধিক ভোটার। এক সাক্ষাৎকারে রিটার্নিং অফিসার তথা দুর্গা চৌমুহনী আর ডি ব্লকের বিডিও সমিত কুমার দাস জানান, এই ব্লক এলাকায় মোট ২৩টি গ্রাম পঞ্চায়েত এলাকার ২৩৫টি আসনে এবং পঞ্চায়েত সমিতির ১৩টি আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। তিনি জানিয়েছেন এই ব্লক এলাকায় মোট ভোটার রয়েছে ৫১ হাজার তিনশ ২০ জন। তিনি জানিয়েছেন নির্বাচনকে কেন্দ্র করে ইতিমধ্যেই সব ধরনের ব্যবস্থাপনা গ্রহণ করা হয়েছে। নির্বাচনকে শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে তিনি সকলের সহযোগিতা চেয়েছেন।

******************

**Upcoming Panchayet Election:**

আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েতের সাধারণ নির্বাচনকে সামনে রেখে ঊনকোটি জেলার কুমারঘাট ব্লক এলাকায় জোর প্রশাসনিক প্রস্তুতি ও রাজনৈতিক তৎপরতা পরিলক্ষিত হচ্ছে।

উল্লেখ্য, কুমারঘাট ব্লকে মোট ভোটদাতার সংখ্যা ৫৭ হাজার ১৬৬ জন। রিটার্নিং অফিসার তথা কুমারঘাটের B.D.O ডাঃ সুদীপ ভৌমিক জানান, ভোটের কাজে সাতজন সহকারী রিটার্নিং অফিসার নিযুক্ত করা হয়েছে। স্ট্রং রুম ও গননা কেন্দ্র করা হয়েছে ব্লক কার্যালয় চত্বরে। ব্লক এলাকার ১০০টি পোলিং বুথে ভোটগ্রহণ করা হবে। ব্লক এলাকায় ২৬টি গ্রাম পঞ্চায়েত রয়েছে। এখানে রয়েছে, ১৪৯টি ওয়ার্ড এবং ২৭২টি আসন। পঞ্চায়েত সমিতির আসন রয়েছে ১৫টি। ব্লক এলাকায় জিলা পরিষদের আসন রয়েছে ৬টি।

সুষ্ঠু,অবাধ ও শান্তিপূর্ণভাবে নির্বাচনপর্ব সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে তিনি জানান।

******************

**Bandh:**

বামফ্রন্টের ডাকা ১২ ঘণ্টার ত্রিপুরা বনধ্ আজ সন্ধ্যায় শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। বনধ্-কে কেন্দ্র করে কোন অপ্রীতিকর ঘটনার খবর নেই।। স্থানীয় এবং দূরপাল্লার সমস্ত ট্রেন স্বাভাবিকভাবে চলাচল করেছে বলে পুলিশ জানিয়েছে। আজ সকালে জিবি হাসপাতাল থেকে বাদল শীলের মরদেহ সিপিআইএম রাজ্য দপ্তরে আনা হয়। সেখানে দলের পলিটব্যুরো সদস্য মানিক সরকার, রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী সহ অন্যান্যরা মরদেহে পুস্পার্ঘ্য অর্পণ করে শেষ শ্রদ্ধা জানান। এদিকে, আজ বিকাল সাড়ে পাঁচটা নাগাদ দক্ষিণ জেলার পি আর বাড়ি থানাধীন চোত্তাখলার নিজ বাড়িতে বাদল শীলের শেষ কৃত্য সম্পন্ন হয়। উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, বিধায়ক দীপঙ্কর সেন সহ অন্যান্যরা। উল্লেখ্য, পঞ্চায়েত নির্বাচনে সিপিআইএম প্রার্থী বাদল শীলের মৃত্যুর প্রতিবাদে বামফ্রন্টের পক্ষ থেকে আজ বার ঘন্টার ত্রিপুরা বনধ ডাকা হয়। গতকাল দুপুরে জি বি হাসপাতালে বাদল শীলের মৃত্যু হয়।

******************

**PCC President:**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা আজ উদয়পুর জেলা কংগ্রেস ভবন পরিদর্শন করেন। গতকাল উদয়পুর কংগ্রেস কার্যালয়ে অগ্নিসংযোগের ঘটনার তীব্র নিন্দা করেন তিনি। এই ঘটনার সাথে যুক্ত দোষীদের দৃষ্টান্ত মূলক শাস্তির দাবি জানান। তিনি রাজনগর এলাকায় সিপিএম প্রার্থীর মৃত্যুতে গভীর সমবেদনা জানান। রাজ্যে গণতন্ত্র বিপন্ন ও আইনের শাসন নেই বলে তিনি অভিযোগ করেন।

*****************

**Amit Shah:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ ইন্দোর থেকে মধ্যপ্রদেশের ৫৫টি জেলায় প্রাইম মিনিস্টার কলেজ অফ এক্সিলেন্সের উদ্বোধন করেছেন। অনুষ্ঠানে শ্রী শাহ বলেন, নতুন শিক্ষানীতির লক্ষ্য দেশের শিক্ষার্থীদের আগামী ২৫ বছরের বিশ্বব্যাপী প্রতিযোগিতার জন্য শুধু তৈরী করাই নয়, বরং তাদের দেশের সাংস্কৃতিক ঐতিহ্য ও ভাষার সাথে পুনরায় সংযোগ করা। তিনি আরও বলেন, মধ্যপ্রদেশের ৫৫টি জেলায় প্রাইম মিনিস্টার কলেজ অব এক্সিলেন্সের প্রতিষ্ঠার লক্ষ্য হল উচ্চমানের শিক্ষা প্রদান করা।

*****************

**Amarnath:**

তীর্থ যাত্রীদের ৪,৮৮৯ জনের আরেকটি দল আজ ভোরে অমরনাথ গুহা মন্দিরের উদ্দেশ্যে জম্মুর বেস ক্যাম্প থেকে যাত্রা শুরু করেছে। তীর্থযাত্রীরা ১৮৭টি গাড়িতে রওনা হয়েছেন। এরমধ্যে ১,৮৯৬ জন তীর্থযাত্রী ভোর ৩টা ৫ মিনিটে বালতাল বেস ক্যাম্পের জন্য এবং ২,৯৯৩ জন ভোর ৩টা ৫৫ মিনিটে পহলগাম বেস ক্যাম্পের জন্য রওনা হয়েছেন।

*****************

**Amit Shah:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ ইন্দোরে 'এক পেড় মা কে নাম' কর্মসূচীর  সূচনা করেছেন। এক দিনে ১১ লক্ষ গাছ লাগিয়ে ইন্দোর বিশ্ব রেকর্ড করেছে। অনুষ্ঠানে শ্রী শাহ বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একটি স্লোগান দিয়েছে এবং জনগনের উদ্দেশ্যে আবেদন জানিয়েছেন। তিনি বলেন, ইন্দোর পরিচ্ছন্ন শহরের পাশাপাশি সবুজ শহর হয়ে উঠেছে। শ্রী শাহ বলেন, ২০২৫ সালের মধ্যে দেশের মধ্যে পেট্রোলে ২০ শতাংশ ইথানল যুক্ত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। তিনি বলেন, সরকার জলবায়ু পরিবর্তন তহবিল চালু করেছে।

******************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা /  ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

******************

**Weather:**

উত্তর, ঊনকোটি এবং ধলাই জেলার বিভিন্ন এলাকায় আগামী ২৪ ঘন্টায় বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। রাজ্যে তাপমাত্রা থাকতে পারে সর্বোচ্চ ৩৪ ও সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস। এছাড়া রাজ্যের বিভিন্ন অঞ্চলে দু'এক পশলা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.১ এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.১ ডিগ্রি সেলসিয়াস।

******************

**State Level Swimming:**

রাজ্যভিত্তিক সাঁতার প্রতিযোগিতায় ১২টি নতুন রেকর্ড হয়েছে। দুদিন ব্যাপী এই আসর আজ শেষ হয়। উমাকান্ত সুইমিং পুলে অনুষ্ঠিত আসরে শাকিব উদ্দিন ও সনমন ত্রিপুরা দুটি করে রেকর্ড করে। এছাড়া খানাং জমাতিয়া, বিউটি সূত্রধর, প্রতিমা জমাতিয়া, নয়ন দে, টিটুথমা জমাতিয়া, জাহির হোসেন, আশমা দেববর্মা নতুন রেকর্ড গড়ে। রাজ্য সাঁতার সংস্থার পক্ষ থেকে এখবর জানানো হয়েছে।

******************

**Third Division League:**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় গ্রুপ লিগে টানা ছয়টি ম্যাচ জিতে সরোজ সংঘ আগামী মরশুমে দ্বিতীয় ডিভিশনে খেলার ছাড়পত্র পেয়েছে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় সরোজ সংঘ ২-০ গোলে স্বামী বিবেকানন্দ ক্লাবকে পরাজিত করে। ফলে ১৮ পয়েন্ট নিয়ে একম্যাচ বাকী থাকতেই গ্রুপের সেরা হয়ে ফাইন্যালে খেলার ছাড়পত্র পায়।

******************

******************